



‘সমানো মন্ত্র: সমিতি: সমানী’

UNIVERSITY OF NORTH BENGAL

B.Com. Programme 3rd Semester Examination, 2022

LCC1-P2-BENGALI

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) অর্থ পার্থক্য দেখাও:
- গাঁথা, গাথা; লক্ষ, লক্ষ্য; গোলক, গোলোক; টিকা, টীকা; দাঁড়ি, দাড়ি; অবদান, অবধান।
- (খ) স্বরভক্তি শব্দটির অর্থ লেখো। দৃষ্টান্তসহ স্বরভক্তি আলোচনা করো।
- (গ) ধ্বনি পরিবর্তন কেন হয়? তার তিনটি কারণ লেখো।
- (ঘ) সন্ধি ও সমাসের পার্থক্য দৃষ্টান্তসহ উল্লেখ করো।
- (ঙ) উপসর্গ ও অনুসর্গের পার্থক্য দেখাও।
- (চ) ব্যঞ্জনধ্বনির সংজ্ঞা দাও। বাংলা ব্যঞ্জনধ্বনির সংখ্যা লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) কারক বিভক্তি নির্ণয় করো:
- (অ) লেখাপড়ায় মন দাও।
- (আ) সকাল থেকে বাদল হল, ফুরিয়ে এল বেলা।
- (ই) পুষ্পে পুষ্পে ভরা শাখী।
- (ঈ) সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু।
- (উ) মানবশিশু সিংহের উপর অত্যাচার করিতেছে।
- (ঊ) বাবা আমাকে কলম দিলেন।
- (খ) এককথায় প্রকাশ করো:
- (অ) যার মূল্য নির্ণয় করা যায় না
- (আ) যিনি বিদেশে থাকেন না
- (ই) সরস্বতীর বীণা
- (ঈ) ঋষির উক্তি
- (উ) ন্যায়শাস্ত্র জানেন যিনি
- (ঊ) বিষ্ণুর উপাসক।

(গ) নিম্নলিখিত উপসর্গগুলি যোগে দুটি করে শব্দ গঠন করো:

প্র, আ, সম, দূর, নির, বি, নিম, হর, পাতি, হেড, মিনি, কু।

(ঘ) টীকা লেখো:

লোকনিরুক্তি, জোড়কলম শব্দ, বর্ণবিপর্যয়।

(ঙ) গঠনভেদে ক্রিয়ার কাল ক'টি ভাগে বিন্যস্ত? এই বিভাগগুলি সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো।

(চ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো:

(অ) সামান্য বিষয় নিয়ে লাঠালাঠি করল।

(আ) দৈবে হতেম দশম রত্ন নবরত্নের মালে।

(ই) চালাক-চতুর দেখে মানুষ দাও।

(ঈ) চৌপর দিনভর দেয় দূর পাশ্লা।

(উ) বন বনান্তর রোমাঞ্চিত হল।

(ঊ) মহারাজা সিংহাসনে বসেছেন।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১২ × ২ = ২৪

(ক) অনুসর্গ বলতে কী বোঝো? বাংলা অনুসর্গ সম্বন্ধে আলোচনা করো।

(খ) স্বরধ্বনির সংজ্ঞা দাও। উচ্চারণস্থান ও প্রকৃতি অনুসারে স্বরধ্বনির শ্রেণিবিভাগ করো।

(গ) বাক্যের সংজ্ঞা দাও। গঠন অনুসারে বাংলা বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি লেখো। অর্থ পরিবর্তনের ধারাগুলির উল্লেখ করো।

—x—